



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
সরকারি মাধ্যমিক শাখা  
www.dshe.gov.bd



নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০৩.২০.৭৯৬

তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৮  
১৪ আগস্ট ২০২১

#### অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন শ্রীমঞ্জল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শ্রীমঞ্জল, মৌলভীবাজার এর প্রধান শিক্ষক / সহকারী প্রধান শিক্ষক না থাকায় বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক মো: জহির আলী গত ১৫.০৭.২০২১ তারিখে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বভার গ্রহণ করায় বর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের এবং অন্যান্য শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

- এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস.আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিল সমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।
- দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোত্তমভাবে দায়ী থাকবেন। তাঁকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।
- তিনি প্রচলিত বিধি মোতাবেক দায়িত্ব ভাতা পাবেন।

১৪-৮-২০২১

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক  
মহাপরিচালক

নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০৩.২০.৭৯৬/১(৬)

তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৮  
১৪ আগস্ট ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ২) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,----- অঞ্চল, -----।
- ৩) জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা-----।
- ৪) প্রধান শিক্ষক,-----।
- ৫) জনাব-----।
- ৬) সংরক্ষণ নথি।



১৪-৮-২০২১

মোঃ আমিনুল ইসলাম টুকু  
সহকারী পরিচালক-১